

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

বিষয়: বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC)-র সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, এনডিসি  
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সভার তারিখ : ২৯ মে, ২০২২  
সময় : বেলা ১১.০০ মিনিট  
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ  
উপস্থিতি : সংযুক্তি-ক

সভাপতি উপস্থিত এবং জুমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আবু বকর সিদ্দিক, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার বিষয় ও উদ্দেশ্য সকলকে অবহিত করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী জনাব মোহাম্মদ খালেদ-উর-রহমান, উপসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। জনাব মোহাম্মদ খালেদ-উর-রহমান সভাকে জানান যে, আজকের বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC)-র সভা মূলত এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) চূড়ান্তকরণের উদ্দেশ্যে আহ্বান করা হয়েছে। তিনি এপিএ ফোকাল পার্সন খন্দকার মোঃ মাহাবুবুর রহমান-কে এ বিষয়ে উপস্থাপনার জন্য অনুরোধ করেন।


২। এপিএ ফোকাল পার্সন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩-এর নির্দেশনা অনুসারে গত ২৫ এপ্রিল, ২০২২ তারিখে এপিএ টিম কর্তৃক খসড়া এপিএ প্রণীত হয়। খসড়া এপিএ গত ২৭ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত BMC সভায় সংশোধনীসহ অনুমোদিত হয়। সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এপিএ ক্যালেন্ডার অনুসারে গত ২৮ এপ্রিল, ২০২২ তারিখে এপিএএমএস সফটওয়্যারে খসড়া এপিএ দাখিল করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ গত ২৩ মে, ২০২২ তারিখ দাখিলকৃত খসড়া পর্যালোচনা করে ফিডব্যাক/ফলাবর্তক প্রদান করে। প্রদত্ত ফলাবর্তক অনুযায়ী খসড়া এপিএ সংশোধন করে এপিএ টিম চূড়ান্ত খসড়া প্রণয়ন করেছে। এ পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগের খসড়া এপিএ পর্যালোচনা ফলাবর্তক, নির্দেশনা অনুসারে চূড়ান্ত খসড়া এপিএ পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। প্রতিটি কৌশলগত উদ্দেশ্য, কৌশলগত উদ্দেশ্যের মান, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, গণনা পদ্ধতি, একক, সূচকের মান এবং লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিষয়ে সভায় আলোচনা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বিস্তারিত আলোচনা শেষে চূড়ান্ত খসড়া এপিএ অনুমোদন করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত এপিএ APA ক্যালেন্ডার অনুসারে ৩০ মে, ২০২২ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিলসহ পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত হয়।

খ) জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ এপিএ ক্যালেন্ডার অনুসারে যথাসময়ে এপিএএমএস সফটওয়্যারে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে সকলকে সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ড. শাহনাজ আরেফিন, এনডিসি  
সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ